রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ০৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৬, ২০২৩

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৭—৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৯—৯৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯—৭৯ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

### অর্থ মন্ত্রণালয়
### আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
### (কেন্দ্রীয় ব্যাংক শাখা)

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ অগ্রহায়ণ, ১৪২৯ ব./২৩ নভেম্বর, ২০২২ খ্রি:

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০৩১.১৭-৩৮৭**—বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-এর সাবসিডিয়ারী কোম্পানী বিডিবিএল সিকিউরিটিজ লিমিটেড-এর পরিচালনা পর্ষদে জনাব মোঃ গোলাম মোস্তফা, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে উপসচিব হিসেবে এ বিভাগে কর্মরত থাকা সাপেক্ষে উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদে পরিচালক পদে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনাব মোঃ গোলাম মোস্তফা-এর পরিচালক হিসেবে বিডিবিএল সিকিউরিটিজ লিমিটেড-এর পর্ষদে যোগদানের তারিখ আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করার জন্যও অনুরোধ করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

### প্রকল্প ব্যবস্থাপনা-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৯/০১ ডিসেম্বর ২০২২

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৮.১৯১**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এর সংঘবিধি 8.3 (ii) অনুচ্ছেদ-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব সিরাজুন নূর চৌধুরী, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের Governing Board-এ তাঁর নিয়োগের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সীমা দত্ত**
সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**জাতীয় রাজস্ব বোর্ড**
**কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৭ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৩/২০২২/কাস্টমস/৫১৪**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড ইন্টারন্যাশনাল (বিডি) লিমিটেড নামীয় "শীপ স্টোরস" (বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড/(সাঃ)/ শুল্কমুক্ত বিপণী/ ১০/২০১৫, তারিখ ১৩-০৭-২০১৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | আমদানিকৃত পণ্য | ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | লুব্রিকেন্টস ও লুব্রিকেটিং অয়েল | ১,২৫,০০০.০০ |
| ২. | পেইন্ট (থিনার সহ) | ১৫,০০০.০০ |
| ৩. | শীপ স্টোরস আইটেম (ওয়্যার রোপসহ) | ১০,০০০.০০ |
| | **সর্বমোট =** | **১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার)** |

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৯/২১ নভেম্বর ২০২২

নং **০৫.১৮০.২৭.০২.০০.০১৪.২০১৯-৯৫**—যেহেতু, জনাব এ. কে. এম. রেজাউল করিম (পরিচিতি নম্বর-৭৯৬১), পরিচালক (উপসচিব), জাতীয় গ্রন্থকেন্দ্র হিসেবে কর্মরত থাকাকালে তাঁর বিরুদ্ধে থানায় দায়েরকৃত মামলার তদন্ত শেষে বিজ্ঞ আদালতে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ৯(১) ধারায় চার্জশীট দাখিল করা হয় ও উক্ত মামলা তুলে নেওয়ার জন্য মামলার বাদীকে ভয়ভীতি প্রদর্শন, হুমকি প্রদান ও শারীরিক নির্যাতনের অভিযোগে তাঁর বিরুদ্ধে থানায় আরেকটি ফৌজদারি মামলা দায়ের হয় এবং তিনি বিজ্ঞ আদালতে আত্মসমর্পন করে জামিনে থাকায় তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ও উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে তাঁর দাখিলকৃত জবাব ও প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ২৯ জুন ২০২২ তারিখের ৩৫ নম্বর স্মারকে জনাব এ. কে. এম. রেজাউল করিম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ১৪ আগস্ট ২০২২ তারিখে দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনা করে তাঁকে গুরুদণ্ড হিসেবে সরকারি চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব এ. কে. এম. রেজাউল করিম-কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে ঐকমত্য পোষণ করে; এবং

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ. কে. এম. রেজাউল করিম-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে ঐকমত্য পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(খ) বিধিমতে গুরুদণ্ড হিসেবে সরকারি চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

০৬। সেহেতু, জনাব এ. কে. এম. রেজাউল করিম (পরিচিতি নম্বর-৭৯৬১), প্রাক্তন পরিচালক (উপসচিব), জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় আনীত ও প্রমাণিত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(খ) বিধিমতে গুরুদণ্ড হিসেবে সরকারি চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' প্রদান করা হলো। একইসাথে এ মন্ত্রণালয়ের ২৫ জুন ২০১৯ তারিখের ৬৪৭ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং তাঁর সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ প্রদান করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ০৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৯৫/২০২২-৫৫১**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ ওচমান, পিতা-এডভোকেট জি. এম. মোহাম্মদ

হারুন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৭১/২০২২-৫৫৫**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব সৈয়দ মাসুম মিয়া, পিতা-সৈয়দ নূর মোহাম্মদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ২৮ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/১৩ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৪৫/২০২২-৫৭৬**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ আবু তাহের, পিতা-মোঃ আবুল কাশেম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৯৪/২০২২-৬২৪**—The Notaries Ordinance, 1961(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সাতক্ষীরা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতা-মোঃ মোকছেদ আলী মোড়ল-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগদান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ)The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪২৯/২০ নভেম্বর ২০২২

নং **৪০.০০.০০০০.০১১.৯৯.০১০.২২-৪৮৯**—বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর বিধি ২১৪ (১) (ঘ) এবং ২১৫ (৪) (গ) অনুযায়ী প্রাপ্ত অনুদান সামাজিক নিরাপত্তা সুরক্ষার জন্য গৃহীত Employment Injury Scheme শীর্ষক প্রকল্পের তহবিল পরিচালনার নিমিত্ত সরকার, সংশ্লিষ্ট শিল্প সেক্টরের মালিক সংগঠন, শ্রমিক সংগঠন ও উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত পরিচালনা বোর্ড নিম্নরূপে পুনর্গঠন করা হল :

**চেয়ারম্যান**

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (রপ্তানীমুখী শিল্প ও আন্তজার্তিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৪. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

৬. জনাব নুর কুতুব আলম মান্নান, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ

৭. জনাব ফারুক আহাম্মাদ, মহাসচিব ও সিইও, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন

৮. জনাব মোঃ নাসির উদ্দীন, সহ-সভাপতি, বিজিএমইএ

৯. জনাব ফজলে শামীম এহসান, সহ-সভাপতি, বিকেএমইএ

১০. জনাব আ. ন. ম. সাইফুদ্দীন, প্রাক্তন পরিচালক ও চেয়ারম্যান, স্ট্যান্ডিং কমিটি অন আইএলও এন্ড লেবার এ্যাফেয়ার্স, বিজিএমইএ

১১. জনাব এমআই সিদ্দীকি, পরিচালক, বিকেএমইএ

১২. জনাব মোঃ রাজেকুজ্জামান রতন, সভাপতি, এস. এল. এফ

১৩. জনাব রহিমা আক্তার সাথী, সাধারণ সম্পাদিকা, মহিলা শ্রমিক লীগ

১৪. জনাব নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক, ইউনাইটেড ফেডারেশন অব গার্মেন্টস ওয়ার্কার্স

১৫. ইন্ড্রাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিলর (আই,বি,সি)-এর একজন মনোনীত প্রতিনিধি

**পর্যবেক্ষক সদস্য**

১৬. উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি-আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-০১ জন GIZ-০১ জন [মোট ০২ (দুই) জন]

**সদস্য-সচিব**

১৭. মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল

**কর্মপরিধি:**

(ক) উক্ত বোর্ড বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর বিধি ২১৪ (১) (ঘ) এবং ২১৫ (৪) (গ) অনুযায়ী প্রাপ্ত অনুদান দ্বারা সামাজিক নিরাপত্তা সুরক্ষা নিশ্চিতকরণের নিমিত্ত গৃহীত Employment Injury Scheme শীর্ষক প্রকল্পের তহবিল পরিচালনা বোর্ড হিসেবে কাজ করবে;

(খ) উক্ত বোর্ড কার্যপরিধি ও অনুদানের অর্থ পরিচালনার জন্য সমঝোতার মাধ্যমে একটি প্রবিধান প্রণয়ন করবে;

(গ) এতদুদ্দেশ্যে প্রণীত প্রবিধানমালা ও কার্যপরিধি অনুযায়ী এ বোর্ড কার্যক্রম পরিচালনা করবে;

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৯ (আদালত)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৯ অগ্রহায়ণ, ১৪২৯/২৪ নভেম্বর, ২০২২

নং **৪০.০০.০০০০.০১৯.৮৩.০০১.২১.১২২**—যেহেতু, জনাব শাহিন আলী, রেজিস্ট্রার, শ্রম আদালত, বরিশাল তাঁর প্রাক-চাকরি বৃত্তান্ত ফরমে বিবাহিত হওয়ার তথ্য গোপন করে, ফৌজদারি মামলার চার্জশিটভুক্ত আসামি হয়ে জেল হাজতে প্রেরিত হওয়ার তথ্য গোপন করে, অগ্রণী ব্যাংকে ২ বছর ৬ মাসেরও অধিককাল চাকরি করা সত্ত্বেও প্রাক-চাকরি বৃত্তান্ত ফরমে 'প্রযোজ্য নয়' লিখে উদ্দেশ্যমূলকভাবে চাকরি করার তথ্য গোপন করে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের নিয়োগের সুপারিশে বর্ণিত তথ্য গোপন না করা ও অসত্য তথ্য প্রদান না করা সংক্রান্ত শর্ত ভঙ্গ করে এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের চাকরিতে নিয়োগের প্রজ্ঞাপনে বর্ণিত আচরণ ও কার্যাবলি সন্তোষজনক হওয়া সংক্রান্ত শর্ত ভঙ্গ করে শ্রম আদালত, বরিশাল এ রেজিস্ট্রার পদে চাকরি গ্রহণ করায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করে ২১-০৮-২০২২ খ্রিঃ তারিখে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (৪০.০০.০০০০.০১৯.৮৩.০০১.২১-৮৭) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৪-০৯-২০২২ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০২-১০-২০২২ খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত মৌখিক ও লিখিত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহীত হয়;

০৪। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে দোসী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক জনাব শাহিন আলী, রেজিস্ট্রার, শ্রম আদালত, বরিশাল-কে আগামী ০৭(সাত) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতকরণ দণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদ শেষে তাঁর স্থগিতকৃত বেতন ভবিষ্যতে বকেয়া হিসেবে উত্তোলন কিংবা সমন্বয় করা যাবে না।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এহছানে এলাহী**
সচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ কার্তিক ১৪২৯/২০ অক্টোবর ২০২২

নং **১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯.২৫৮**—জনাব মোহাম্মদ ফারুক উদ্দিন সুমন, প্রযোজক, মেসার্স ম্যাক্সিমাম এন্টারটেইনমেন্ট, বাড়ি-৭১৫, রোড-২২, ব্লক-এফ, বসুন্ধরা, ঢাকা কর্তৃক নির্মিত **'সীমান্ত দ্যা বর্ডার'** নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment, 2006) এর 4B(1) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

০২। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

০৩। চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/৩০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).৩৬১**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পশ্চিম চর জব্বর | ২৫৯ | ১৭৩৯ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | মাইজদী | ১০৯ | ৫১৫৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩ | নাজিরপুর | ১৭১ | ১৯০২ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৪ | মিরওয়ারিশপুর | ১৭০ | ৩২২৩ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৫ | বাঁশপাড়া | ২৭ | ১৯৯৭ | ছাগলনাইয়া | ফেনী | মহামান্য হাইকোর্ট ৩৪৪১/২০০৮ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ৭৩, ১০৬, ১২৫, ২৪৭, ৭৭৯, ৭৮২, ৮৬৬, ৯১৭, ৯৭৩, ১৪৯৮, ১৫৫২, ১৬৩৭, ১৬৯০, ১৬৯১, ১৭৪৪, ১৭৬৮, ১৭৮৪. ১৭৮৬ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৬ | জয়নগর | ০৫ | ১১২৭ | ছাগলনাইয়া | ফেনী | |
| ৭ | দক্ষিণ চর দরবেশ | ৯৪ | ১৫২৬ | সোনাগাজী | ফেনী | |
| ৮ | মজুপুর | ৫০ | ২৪৪১ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | মহামান্য হাইকোর্ট ৭৬৬২/২০২২ ও ৯৩৭৬/২০২২ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ১৩০৬, ৮৩৪ ও ২১৭৯ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৯ | কুশাখালী | ২২৪ | ১৪৮৬ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | |
| ১০ | চর পোড়াগাছা | ৪৭ | ১৮৫৪ | রামগতি | লক্ষ্মীপুর | |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১).৩৬০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | বাধাল | ১৪০ | ৯৫৯ | নড়াইল সদর | নড়াইল |
| ০২ | দূর্গাপুর ডুমুরতলা | ৭৫ | ২৫১২ | নড়াইল সদর | নড়াইল |
| ০৩ | মুলশ্রী | ১০৭ | ৯০৩ | কালিয়া | নড়াইল |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০৪ | কল্যাণপুর | ২০ | ১৩৫৮ | লোহাগড়া | নড়াইল |
| ০৫ | পারসালনগর | ৩৯ | ১৩২৩ | লোহাগড়া | নড়াইল |
| ০৬ | শামুকখোলা | ৫৭ | ১০৭৭ | লোহাগড়া | নড়াইল |
| ০৭ | চাচই | ৬০ | ২৫১১ | লোহাগড়া | নড়াইল |
| ০৮ | আমাদা | ১১২ | ১৭০৭ | লোহাগড়া | নড়াইল |
| ০৯ | তেলকাড়া | ১৫১ | ৭৫৪ | লোহাগড়া | নড়াইল |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭.৩৫৯**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | সুন্দরবন | ২৩ | ২৮৫৭ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০২ | পরজপুর | ১৬১ | ১০৫৫ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০৩ | পূর্ব্ব মহেশপুর | ১৮০ | ৪৫৫ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০৪ | আরাজি গলাহার | ৪৮ | ২০০ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ০৫ | শ্রীকৃষ্ণপুর | ১৪১ | ১২৯ | চিরিরবন্দর | দিনাজপুর |
| ০৬ | হরগোবিন্দপুর | ১৪৪ | ৩১৭ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ০৭ | মালেয়া | ৭৬ | ১১৭ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ০৮ | কোদালকাটী | ১৩৪ | ১৩৩ | বোচাগঞ্জ | দিনাজপুর |
| ০৯ | কৌগাঁও | ৫২ | ৩৯৮ | খানসামা | দিনাজপুর |
| ১০ | শিহিপুর | ৬১ | ১৯৬ | হরিপুর | ঠাকুরগাঁও |
| ১১ | হলদিবাড়ী | ৬৩ | ৩১৩ | হরিপুর | ঠাকুরগাঁও |
| ১২ | খারিজা ভজনপুর | ০১ | ২৮০ | পঞ্চগড় সদর | পঞ্চগড় |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
যুগ্মসচিব (জরিপ)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৯/১৭ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৪.২০২১(অংশ-১)-৪৩০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. রাশিদা খানম, প্রাক্তন অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চট্টগ্রাম এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন;

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৯/২১ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১০.০০৩.২০০৮(অংশ)-৪৩২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী প্রফেসর মোঃ সুজন শাহ ই ফজলুল, প্রিন্সিপাল (অবসরপ্রাপ্ত), লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট-কে পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৯/১৬ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৫.২০২২-৪২৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী অধ্যাপক ড. নিসার আহমেদ, পরিচালক, ব্যবসায় প্রশাসন অনুষদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ-কে উক্ত ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ চৈত্র ১৪২৮/০৭ এপ্রিল ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০১২.২০১৩-১৩৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক ড. সিরাজুল হক (অবসরপ্রাপ্ত), মৃত্তিকা পানি এবং পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-এর উপাচার্য পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) উপাচার্য পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৯/১৬ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৫.২০১৯-৪২৯**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী ড. মোহাম্মদ জহিরুল হক, অধ্যাপক, পলিটিক্যাল স্টাডিজ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-কে মেট্রোপলিটন ইউনিভার্সিটি, সিলেট এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪২৯/২৩ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০২০.২০১৬-৪৩৮**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. হারুন-অর-রশিদ, প্রফেসর ও বিভাগীয় প্রধান, ফার্মেসী বিভাগ, নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ-কে নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, খুলনা এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ কার্তিক ১৪২৯/০৯ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০১.২০২২-৪২২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী প্রফেসর ড. আবু হেলাল মোঃ আব্দুল বাকী, প্রাক্তন অধ্যাপক, ডিপার্টমেন্ট অব জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশাল এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৯/০৬ ডিসেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০০৪.১৩-৪৪৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী অধ্যাপক ডা. শেখ আখতার আহমদ, প্রাক্তন ট্রেজারার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস-কে উক্ত ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

## সরকারি মাধ্যমিক-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ ; ০৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯২.১৫.১৬০.২১-৩৬৮**—নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলাধীন 'বুবীরহাট বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়'টি ০৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ/২১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হইতে সরকারিকরণ করা হইল।

০২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হইবে।

০৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হইবে না।

০৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

## বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৯/২১ নভেম্বর ২০২২

নং **৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.২২-২৭৩**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ এর ধারা ১২ (১) অনুযায়ী জনাব সোবহান মিয়া, প্রফেসর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর পদে ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে ০৪ (চার) বছর হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসরগ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;

(খ) প্রো-ভাইস চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন;

(গ) তিনি প্রো-ভাইস চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন; এবং

(ঘ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে-কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ রোখছানা বেগম**
উপসচিব।

## শিল্প মন্ত্রণালয়
## পরিকল্পনা-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৯ ব./২৮ নভেম্বর ২০২২ খ্রি.

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০০৪.১৯-২২৬**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ'—শীর্ষক প্রকল্পের আওতায় গুদাম নির্মাণের নিমিত্ত অনুমোদিত ডিপিপি'র সংস্থান

অনুযায়ী (OTM) দরপত্র মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি।

**সদস্যবৃন্দ**

২. পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

৩. উপসচিব (বিএসইসি), শিল্প মন্ত্রণালয়।

৪. পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি।

৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, গণপূর্ত অধিদপ্তর।

**সদস্য-সচিব**

৬. প্রকল্প পরিচালক, 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ' শীর্ষক প্রকল্প।

**সদস্য**

৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ' শীর্ষক প্রকল্প।

**কমিটির কার্যপরিধি:**

দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করবে এবং আইন ও বিধির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪২৯ ব./২৩ নভেম্বর ২০২২ খ্রি.

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০০৮.১৮(খণ্ড-২)-২৩০**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)' শীর্ষক প্রকল্পের জন্য গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন (QCBS) পদ্ধতিতে International Consulting Firm নিয়োগের নিমিত্ত আহ্বানকৃত EOI এবং EOI মূল্যায়নের সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের RFP প্রস্তাবসমূহ মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে Proposal Evaluation Committee (PEC) গঠন করা হলো :

**সভাপতি**

(ক) পরিচালক (পরি. ও বাস্ত.), বিসিআইসি, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(খ) পরিচালক (অর্থ), বিসিআইসি, ঢাকা।

(গ) উপসচিব (বাজেট ও হিসাব), শিল্প মন্ত্রণালয়।

(ঘ) অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ঙ) অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(চ) প্রকল্প পরিচালক, জিপিইউএফপি, প্রকল্প।

**সদস্য-সচিব**

(ছ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, জিপিইউএফপি।

**কমিটির কার্যপরিধি :**

(ক) EOI প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে যাচাই বাছাইপূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করে চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পেশ করবে; এবং

(খ) তালিকাভুক্ত দরদাতা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত RFP প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ এবং পিপিআর- ২০০৮ অনুসারে যাচাই বাছাই, পরীক্ষা এবং মূল্যায়ন প্রতিবেদন তৈরী করে চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাফ্‌ফারা তাসনীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৯/৩০ নভেম্বর ২০২২

নং **২৩.০০.০০০০.০৭০.১৯.০৮৬.১৯-৩০৮**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত ০২ (দুই) জন কর্মকর্তাকে বিমান বাহিনী নির্দেশিকা ১/৯৩ এর অনুচ্ছেদ-৫(এ) ও ৫(বি) অনুযায়ী তাঁদের নামের পাশে ৫ম কলামে বর্ণিত তারিখ থেকে শাখা পরিবর্তন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও বিদ্যমান শাখা | বিদ্যমান শাখায় কমিশনের তারিখ | সুপারিশকৃত শাখা | শাখা পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | স্কোয়াড্রন লিডার এস এম বশির উল হাসান (বিডি/৯৮৪২), জিডি(পি) | ০১ জুন ২০১৫ | লজিস্টিক শাখা | ০৮ সেপ্টেম্বর ২০২২ |
| (২) | ফ্লাইট লেফটেন্যান্ট মোঃ তাইফুল ইসলাম তাহা (বিডি/১০১৮৪), জিডি(পি) | ০১ ডিসেম্বর ২০১৯ | লজিস্টিক শাখা | ২৩ জুন ২০২২ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৯/২৯ নভেম্বর ২০২২

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০১.২২-১৯২**—যেহেতু, জনাব মোঃ সেলিম হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ প্রশাসনিক কর্মকর্তা হিসাবে পাসপোর্ট ও ভিসা উইং, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে কর্মরত ছিলেন এবং গত ১৩-০৯-২০২১ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রের BDCGNY/Admn/PF/PVW/02/2016 স্মারক অনুযায়ী দায়িত্বভার হস্তান্তর করে ১৩-০৯-২০২১ তারিখ অপরাহ্নে উক্ত কর্মস্থল থেকে অবমুক্ত হওয়ার পর থেকে প্রায় গত ১ (এক) বছর যাবৎ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, উপরোক্ত 'অনুপস্থিতি' সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(চ) অনুযায়ী অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা "পলায়ন (desertion)"এর শামিল এবং উক্ত বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী দণ্ডনীয় অপরাধ;

যেহেতু, এ বিভাগের ১৬-০৮-২০২১ এবং ১৮-১০-২০২১ তারিখের ১৮৬ ও ২৫২ সংখ্যক স্মারকে তাকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করা হলেও তিনি তা প্রতিপালন করেননি। অভিযুক্ত কর্মকর্তার এ ধরনের কার্যকলাপ সরকারি চাকরি শৃঙ্খলার জন্য হানিকর যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর শামিল;

যেহেতু, এ ধরনের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাকে 'অসদাচরণ' এবং 'পলায়ন'-এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় কার্যধারা ০১/২০২২ রুজু করা হয় এবং ০৭-০২-২০২২ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০১.২২-৩৮ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি ১০-০২-২০২২ তারিখ জবাব দাখিল করেন। জবাবে তিনি ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেননি এবং অভিযোগসমূহ হতে অব্যাহতি চান;

যেহেতু, তার জবাব পর্যালোচনা করে গত ১৪-০৩-২০২২ তারিখ বিভাগীয় তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিধি মোতাবেক তদন্ত সম্পন্ন করে ০৮-০৬-২০২২ তারিখ প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি এর ৩(খ) ও ৩(গ) মোতবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ১৯-০৬-২০২২ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি গত ২৫-০৭-২০২২ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক গত ১৪-০৮-২০২২ এবং ২৪-১১-২০২২ তারিখে তাকে সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ সেলিম হোসেন এর বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষন করে প্রস্তাবিত 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড চূড়ান্তকরণে কমিশন কর্তৃক পরামর্শ প্রদান করা হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ সেলিম হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রাক্তন প্রশাসনিক কর্মকর্তা, পাসপোর্ট ও ভিসা উইং, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)-কে সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইসরাত চৌধুরী**
অতিরিক্ত সচিব
প্রশাসন ও অর্থ অনুবিভাগ।

---

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পানি সরবরাহ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৯/২১ নভেম্বর ২০২২

নং **৪৬.০০.০০০০.০৮৩.২৭.০০৪.২২-৭৩৮**—যেহেতু, বেগম ইসমত নূর-এ-জাহান, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ০১-০৪-২০২১ হতে ৩১-০৭-২০২১ পর্যন্ত ০৪ (চার) মাস অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুরের জন্য আবেদন ও প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২১-০৩-২০২১ তারিখের ৪৪১৩ নং স্মারকের পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২৮-০৩-২০২১ তারিখের ১৯১ নং স্মারকের মাধ্যমে তার অনুকূলে ০১-০৪-২০২১ হতে ৩১-০৭-২০২১ পর্যন্ত ০৪ (চার) মাস অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুর করা হয়। সে অনুযায়ী তিনি ১০-০৫-২০২১ তারিখে ছুটি ভোগের উদ্দেশ্যে নিউইয়র্ক গমন করেন; এবং

যেহেতু, তিনি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে থাকা অবস্থায় পূর্বের মঞ্জুরীকৃত ছুটির ধারাবাহিকতায় ১১-০৯-২০২১ হতে ১০-০২-২০২২ পর্যন্ত ০৫ মাস অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুরের জন্য আবেদন ও প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ১৫-০৯-২০২১ তারিখের ৮৫৭ নং স্মারকের পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২৬-০৯-২০২১ তারিখের ৫১২ নং

স্মারকের মাধ্যমে তার অনুকূলে পূর্বের মঞ্জুরীকৃত ছুটির ধারাবাহিকতায় ১১-০৯-২০২১ হতে ১০-০২-২০২২ পর্যন্ত ০৫ (পাঁচ) মাস অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুর করা হয়; এবং

যেহেতু, তার সর্বশেষ অনুমোদিত ছুটির মেয়াদ ১০-০২-২০২২ তারিখ শেষ হওয়ার পর হতে ১৬-০৩-২০২২ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর ১৬-০৩-২০২২ তারিখের ৪৪৬১ নং স্মারকের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগকে অবহিত করা হয়। পরবর্তীতে প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর ১৭-০৪-২০২১ তারিখের ৪৯৮১ নং স্মারকের মাধ্যমে তাকে অবিলম্বে কর্মস্থলে যোগদান করার জন্য অবহিত করেন। কিন্তু তিনি ১১-০২-২০২২ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ০৯-০৫-২০২২ তারিখের ৫২৯৬ স্মারকের মাধ্যমে বিষয়টি এ বিভাগ-কে অবহিত করেন। প্রধান প্রকৌশলীর পত্রের বর্ণনা মোতাবেক তিনি অনুমতিসহ দেশ ত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে কর্মস্থলে অনপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী পলায়ন (desertion) এর আওতাভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ; এবং

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার বিধি ৩(গ) মোতাবেক পলায়নের (desertion) দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ০৩/২০২২) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে তাকে লিখিত জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি দিতে ইচ্ছুক কিনা তাও জবাবে উল্লেখ করার জন্য বলা হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক পলায়নের (desertion) অভিযোগের প্রেক্ষিতে তিনি ই-মেইলের মাধ্যমে জবাব দাখিল করেন এবং জবাব পর্যালোচনা পূর্বক ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানির দিন ধার্য করা হয়। কিন্তু তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেননি; এবং

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, এর বিধি ৭(২)(ঘ) অনুসারে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত করে ২৭ অক্টোবর ২০২২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি মঞ্জুরকৃত ছুটি শেষে কর্মস্থলে যোগদান করেননি। তিনি ১১-০২-২০২২ হতে অদ্যাবদি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনপস্থিত রয়েছেন, যা প্রমাণিত হয়েছে, এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) মোতাবেক তার বিরুদ্ধে পলায়নের (desertion) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা বেগম ইসমত নূর-এ-জাহান, নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত করে তাকে একই বিধিমালার বিধি ৪(২)(ঘ) অনুযায়ী বেতন গ্রেডের নিম্নতর ধাপে (সর্বনিম্ন ধাপ) অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডের ধাপে ২২,০০০—৫৩,০৬০/- টাকার স্কেলের সর্বনিম্ন ধাপে ২২,০০০/- টাকায় অবনমিতকরণের দণ্ড আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১৪ পৌষ ১৪২৯/২৯ ডিসেম্বর ২০২২

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৯২.১৯.১১০০**—ভূমি মন্ত্রণালয়ের উপসচিব জনাব সঞ্জীব কুমার দেবনাথ (১৫৫৮৯) ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ০৩ অক্টোবর ২০২২ তারিখ সোমবার সকাল ১০:০৮ মিনিটে এ্যাপোলো হাসপাতাল, চেন্নাই, ভারতে মৃত্যুবরণ করেন।

০২। জনাব সঞ্জীব কুমার দেবনাথ ৩০ জুন ১৯৭৪ তারিখে টাঙ্গাইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০০৫ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং ২৪ অক্টোবর ২০১৮ সালে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ ভূমি মন্ত্রণালয়ের উপসচিব হিসাবে কর্মরত ছিলেন।

০৩। জনাব সঞ্জীব কুমার দেবনাথ তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই পুত্রসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব সঞ্জীব কুমার দেবনাথ এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং মৃতের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৪২.০৪.৩০৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আব্দুল মোমিন, জন্ম তারিখ: ২৫-১০-১৯৮৮ খ্রি., পিতা-মোঃ মহসিন আলী, মাতা-মেরিনা খাতুন, গ্রাম-চর ঘাওয়া, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-সারিয়াকান্দি, উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার ০৫ নং কাজলা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।